



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২- ৬৮৭

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

প্রেরকঃ মো: আকবর হোসেন
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপকঃ চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিঁজিএ ভবন (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন সংশোধিত বাজেটে “ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা” খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে চলতি ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা” শীর্ষক খোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকা হতে ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত ১০০.০০ কোটি (একশত কোটি) হতে বাংলাদেশ জাতীয় সংসদের মেহেরপুর-২ আসনের আওতাধীন বিভিন্ন ইউনিয়নের উন্নয়নের জন্য ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।


জেলায় নাম ও সংসদীয় আসন	মাননীয় সংসদ সদস্যদের নাম	উপজেলার নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	মোট বরাদ্দ (লক্ষ টাকায়)
মেহেরপুর-২	জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান	গাংনী	৩০.০০	৩০.০০ (ত্রিশ লক্ষ)

- ২। ছাড়কৃত অর্থ মেহেরপুর-২ আসনের মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান এর সাথে পরামর্শক্রমে প্রকল্প গ্রহণ এবং এ বিভাগ কর্তৃক জারীকৃত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১, পিপিআর ও সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত এই অর্থ ব্যয় করতে হবে;
- ৩। এ ব্যয় ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/ ৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে উপজেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হয়েছে;
- ৪। ছাড়কৃত অর্থ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১ এর ক্রমিক-১৭ অনুযায়ী কৃষি ও ক্ষুদ্র সেচ, বস্তুগত অবকাঠামো এবং আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের জন্য ব্যয় করা যাবে।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিডি যৌথভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন;
- ৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন;
- ৮। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ৯। আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- ১০। উক্ত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের ০১/০৮/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩১০নং স্মারক, ২৮/১০/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪১০নং স্মারক, ১৩/০৩/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৯৪নং স্মারক এবং ১২/০৪/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-১৪৪নং স্মারকে সম্মতি রয়েছে।

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন: ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান, মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দূ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৬। উপসচিব (বাজেট/ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেরপুর।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গাংনী, মেহেরপুর।
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাংনী, মেহেরপুর।
- ১৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক, গাংনী, মেহেরপুর।
- ১৭। অফিস কপি।


(মো: আকবর হোসেন)
উপসচিব